

আলোচ্য সূচী-০১ঃ

উপজেলা প্রকৌশলী ২০১৫-১৬ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা উন্নয়ন তহবিল এর আওতায় স্কীম বাস্তবায়নের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, উপজেলা চেয়ারম্যান ও বিভিন্ন বিভাগীয় দপ্তর হইতে প্রাপ্ত স্কীম সমূহ প্রকল্প বাছাই কমিটিতে যাচাই বাছাইঅন্তে চূড়ান্ত স্কীম তালিকা উপস্থাপন করেন। (যাহা পরিশিষ্ট-ক তে দেখা যাইতে পারে)। তিনি আরো বলেন উপস্থাপিত স্কীম সমূহ অত্র সভায় অনুমোদিত হইলে স্কীম বাস্তবায়নের কার্যক্রম শুরু করা যাইবে। (উপস্থাপিত প্রকল্পগুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয়)।

সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনান্তে ২০১৫-১৬ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা উন্নয়ন তহবিল খাত হইতে উপস্থাপিত স্কীম সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

আলোচ্য সূচী-০২ঃ

উপজেলা প্রকৌশলী অত্র সভায় জানান যে, কসবা উপজেলাধীন মানিকনগর- মেহারী বাজার ভায়া মেহারী ইউপি অফিস সড়কে চেঃ ২১৪৮মিঃ এ পুরাতন ফুট ব্রীজ ভাংগা এবং কসবা পুরান বাজার সড়ক- কাঞ্চনমুড়ি সড়কে ০৩মিটারে ৬.৫০x৩.০০মিঃ পুরাতন স্লাব কালভার্ট কাজের কার্যাদেশ প্রদান করা হয়। উক্ত ২টি রাস্তায় ২টি পুরাতন বিধবস্ত ব্রীজ থাকায় উক্ত স্থানে নতুন আরসিসি গার্ডার ব্রীজ এবং আরসিসি বক্স কালভার্ট নির্মাণ করা হবে বিধায় পুরাতন বিধবস্ত ব্রীজগুলি অপসারণ করা জরুরী প্রয়োজন। সেই প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী ০২টি পুরাতন বিধবস্ত ব্রীজ/কালভার্ট নিম্নরূপ নিলাম প্রাক্কলন সভায় উপস্থাপন করেন।

ক্রমিক নং	কালভার্টের নাম	নিলাম প্রাক্কলিত মূল্য
০১	মানিকনগর বাজার হইতে মেহারী বাজার ভায়া মেহারী ইউপি অফিস সড়ক চেইনেজ ২১৮৪.০০ মিটারে পুরাতন বিধবস্ত ব্রীজ।	২০,০০০/-
০২	কসবা পুরান বাজার সড়ক- কাঞ্চনমুড়ি সড়কে ০৩মিটারে ৬.৫০x৩.০০মিঃ পুরাতন স্লাব কালভার্ট।	৪,৫০০/-

সিদ্ধান্তঃ

উক্ত ০২টি পুরাতন বিধবস্ত ব্রীজ নিলামের মাধ্যমে অপসারণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।